কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১।
www.sca.gov.bd

নথি নং- ১২.০৪.০০০০.০০১.৪১.০০১.১১- ১৩৭২ তারিখঃ ০২/০৯/২০২৪ খ্রি:

বিষয়: কৃষি মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের জন্য তথ্য প্রেরণ

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.১৬.০০২.২৩.৪০৯, তাং- ১৪/০৮/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের জন্য প্রদত্ত চাহিদা মোতাবেক বিষয়সমূহের উপর এ কার্যালয়ের তথ্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১৫ (পনেরো) পাতা।

০২/৯/২০২৪
মো: ছাইফুল আলম
পরিচালক
ফোন: ৪৯২৭২২০০
director@sca.gov.bd

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা)

# কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ এর তথ্য সংগ্রহ ছক

**মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম: বীজ প্রত্যয়ন এজেন্সী**
**প্রতিবেদনাধীন বছর: ২০২৩-২৪** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ:** ০২.০৯.২০২৪ খ্রি:

## (১) ভূমিকা:

### ১.১ ভূমিকা:

বাংলাদেশের প্রথম জাতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার (১৯৭৩-৭৮) আওতায় রাষ্ট্রীয় পর্যায়ে বীজের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৭৪ সালের ২২ জানুয়ারি বীজ অনুমোদন সংস্থা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ২২ নভেম্বর ১৯৮৬ তারিখে এর ''বীজ প্রত্যয়ন এজেন্সী'' নামকরণ করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে সরকারি ও বেসরকারি পর্যায়ে উৎপাদিত ও বাজারজাতকৃত নিয়ন্ত্রিত ফসলের (ধান, গম, পাট, আলু [বর্তমানে আলু ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত অনিয়ন্ত্রিত ফসল হিসেবে বিবেচিত] আখ, মেস্তা ও কেনাফ) বীজের প্রত্যয়ন ও মান নিয়ন্ত্রণে সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সংস্থাটির সকল কারিগরী কর্মকান্ড বীজ অধ্যাদেশ, ১৯৭৭; জাতীয় বীজ নীতি, ১৯৯৩; বীজ আইন, ২০১৮; বীজ বিধিমালা, ২০২০ ও জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হয়ে থাকে।

**১.২ রূপকল্প (Vision):** মানসম্পন্ন বীজের নিশ্চয়তা ।

**১.৩ অভিলক্ষ্য (Mission) :** উচ্চ গুনাগুণ সম্পন্ন ও প্রতিকূলতা সহিষ্ণু জাতের মানসম্পন্ন বীজ উৎপাদন ও বিতরণে উৎপাদনকারীদের প্রত্যয়ন সেবা প্রদান এবং মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বীজের মান নিশ্চিতকরণ।

১.৪ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ১.৫ প্রধান কার্যাবলি (Main Functions) :

বীজ আইন, ২০১৮ এর ১৩(২) নং অনুচ্ছেদ অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলি নিম্নরূপ:
(ক) বীজ উৎপাদকগণকে বীজের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রণ সম্পর্কে পরামর্শ প্রদান;
(খ) নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হইবার কারণে কোনো জাতের ছাড়করণ বা নিবন্ধন প্রত্যাহারের জন্য বোর্ডকে পরামর্শ প্রদান;
(গ) বাজারজাতকৃত বীজের মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বীজ পরীক্ষা ও পরিদর্শণ;
(ঘ) লেবেল বা চিহ্নযুক্ত বীজের নমুনা সংগ্রহপূর্বক যথাযথ পরীক্ষার মাধ্যমে উহাদের ঘোষিত মানের সঠিকতা যাচাইকরণ;
(ঙ) বীজের উৎপাদন , প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রণ সংক্রান্ত তথ্য এবং উপাত্ত সংগ্রহ;
(চ) নিয়ন্ত্রিত ফসলের প্রজনন বীজ, ভিত্তি বীজ ও প্রত্যায়িত বীজ প্রত্যয়ন ;
(ছ) সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের বীজ প্রত্যয়ন ;
(জ) নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন ও জাত ছাড়করণ প্রক্রিয়ার সমন্বয় সাধন;
(ঝ) কৃষক পর্যায়ে উন্নত বীজের ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান; এবং
(ঞ) বীজ আইন, ২০১৮ এর বিধানাবলীর যথাযথ প্রয়োগ কার্যকর করা এবং উহার লঙ্ঘনকারী ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ।

### ১.৬ সাংগঠনিক কাঠামো (বর্ণনা):

**বীজ প্রত্যয়ন এজেন্সী'র উইং ওয়ারী কার্যক্রম:**

বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিচালক এই এজেন্সীর প্রশাসনিক প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে এ এজেন্সীতে মোট ৫৪৬ জন কর্মকর্তা-কর্মচারীর পদ রয়েছে। তন্মধ্যে ২৩৬টি পদ বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত। বীজ প্রত্যয়ন এজেন্সীতে ৩টি কারিগরী উইং রয়েছে-

ক) প্রশাসন ও অর্থ উইং
খ) মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং উইং
গ) সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ উইং

**(ক) প্রশাসন ও অর্থ উইং:**

সংস্থার যাবতীয় প্রশাসনিক ও অর্থনৈতিক কার্যাবলী পরিচালনা ও সম্পাদন করা এবং পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী কে সহায়তা প্রদান করা এই উইং এর দায়িত্ব। অতিরিক্ত পরিচালক এ উইং এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। প্রশাসন এবং অর্থ ও হিসাব শাখাদ্বয়ের মাধ্যমে এই উইং এর কার্যাবলী সম্পাদিত হয়ে থাকে।

**১) প্রশাসন শাখা:**

-সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, বদলি, শ্রান্তি বিনোদন, সিলেকশন গ্রেড, টাইম স্কেল সংক্রান্ত কার্যাদি সম্পাদন।
-অবকাঠামো রক্ষনাবেক্ষণ এবং যানবাহন ক্রয় ও রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন।
-এজেন্সীতে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বীজ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণসহ কম্পিউটার প্রশিক্ষণ, অফিস প্রশাসন ও ব্যবস্থাপনা এবং হিসাব বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
-এজেন্সীর বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও নিয়মিত প্রকাশনাসমূহ প্রকাশসহ লাইব্রেরি ব্যবস্থাপনার উন্নয়ন।
-কৃষি মন্ত্রণায়সহ অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থার চাহিত রিপোর্টসমূহ প্রণয়ন ও প্রেরণ।
-এছাড়াও এজেন্সীর অন্যান্য প্রশাসনিক কার্যাদি সম্পাদন।

**২) অর্থ ও হিসাব শাখা:**

- সংস্থার বাৎসরিক বাজেট প্রণয়ন এবং অধীনস্ত অফিসসমূহে বাজেট বরাদ্দ প্রদান।
- কৃষি মন্ত্রণালয় ও প্রধান হিসাবরক্ষণ অফিস এর চাহিদা মোতাবেক রিপোর্ট প্রণয়ন ও প্রেরণ।
- কর্মকর্তা-কর্মচারীগণের বেতনসহ আনুষাঙ্গিক বিল তৈরি ও সরকারি ট্রেজারি হতে উত্তোলন।
- বিধিমোতাবেক অর্থনৈতিক নিরীক্ষা কার্যাদি পরিচালনা।
- এজেন্সীর বিভিন্ন প্রকল্প ও কর্মসূচিসমূহের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনায় সহায়তা প্রদান।

**(খ) মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং উইং :**

এ উইং মানসম্পন্ন বীজ উৎপাদন, বীজের মান নিয়ন্ত্রণ ও পরিকল্পনা এবং মনিটরিং সেবা প্রদান করে আসছে। এজেন্সীর বীজ প্রত্যয়ন কার্যক্রমের আওতায় মাঠ পরিদর্শন ও বীজ পরীক্ষণ এবং পরিকল্পনা ও মনিটরিং কার্যক্রম এই উইং মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। উইং প্রধান হিসেবে একজন অতিরিক্ত পরিচালক যাবতীয় কর্মকান্ড পরিচালনা করে থাকেন। এ উইং এর তিনটি শাখা রয়েছে। যথা-

**১) মাঠ প্রশাসন শাখা:**

সারাদেশে ৬৪ জন জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তার মাধ্যমে মাঠ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তার কর্মকান্ড তদারকি ও মনিটরিং এর জন্য দেশের ৭টি অঞ্চলে ৭জন আঞ্চলিক বীজ প্রত্যয়ন কর্মকর্তা রয়েছেন। উল্লেখযোগ্য মাঠ কার্যক্রমের মধ্যে রয়েছে:

- প্রজনন, ভিত্তি, প্রত্যায়িত শ্রেণির বীজ ফসলের মাঠ পরিদর্শন, পর্যবেক্ষণ ও প্রত্যয়ন প্রদান।
- গবেষণা প্রতিষ্ঠান, বিএডিসি এবং অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার বীজ উৎপাদন, বীজ প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ কার্যক্রম মনিটরিং এবং নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পরীক্ষাগারে প্রেরণ।
- সরকারি মুদ্রণালয় হতে ট্যাগ মুদ্রণপূর্বক সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তা কর্তৃক বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে ট্যাগ সরবরাহ নিশ্চিত ও তদারকি করা ।
- অনুমোদিত বীজ ডিলার কর্তৃক বিক্রিত বীজের মান সঠিক আছে কিনা যাচাই করার লক্ষ্যে দোকান পরিদর্শন, মার্কেট মনিটরিং ও নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ।

- প্রজনন শ্রেণির বীজের জন্য সবুজ, ভিত্তি শ্রেণির বীজের জন্য সাদা ও প্রত্যায়িত শ্রেণির বীজের জন্য নীল ট্যাগ সরবরাহ ও সংযোজন করার কার্যক্রম তদারকি করা হয়।
- ফসলের Inbreed এবং Hybrid জাতের অঞ্চলভিত্তিক মাঠ মূল্যায়ন কর্মকান্ড পরিচালনা করা।
- Truthfully Labelled Seed (TLS) বা মান ঘোষিত বীজের গুণগত মান যাচাই করা।
- এছাড়াও বীজের মান নিয়ন্ত্রণের জন্য দেশের নদীবন্দর, স্থলবন্দর ও বিমানবন্দরে বিদেশ থেকে আগত বীজের নমুনা পরীক্ষাগারে প্রেরণ এবং ফলাফল সংশ্লিষ্ট রফতানি/ আমদানিকারককে অবহিত করা হয়।

**২) বীজ পরীক্ষা শাখা:**

এ শাখার অধীনে ১টি কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, ৭টি বিভাগে আঞ্চলিক বীজ প্রত্যয়ন কর্মকর্তার অধীনে ১টি করে মোট ৭টি আঞ্চলিক বীজ পরীক্ষাগার ও ২৬টি জেলায় জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়ে স্থাপিত ২৬টি মিনি বীজ পরীক্ষাগার আছে। এসব পরীক্ষাগারে বীজের বিশুদ্ধতা, অংকুরোদগম ক্ষমতা, বীজের আর্দ্রতা পরীক্ষা করা হয়ে থাকে।

এছাড়াও এ শাখা কর্তৃক পরিচালিত বীজ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে:

- দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান যেমন BRRI, BARI, BINA, BJRI হতে উৎপাদিত ধান, গম, পাট ও আলুর প্রজনন বীজ এবং বিএডিসি, বেসরকারি উৎপাদক ও এনজিও কর্তৃক উৎপাদিত ভিত্তি এবং প্রত্যায়িত বীজের বীজমান পরীক্ষা করে ফলাফল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করা।
- মার্কেট মনিটরিং কার্যক্রমের আওতায় সংগৃহীত সকল প্রকার ঘোষিত ও অঘোষিত ফসলের বীজের নমুনা সংগ্রহপূর্বক জাতীয় ও আঞ্চলিক বীজ পরীক্ষাগারে বীজ মান পরীক্ষা করে ফলাফল সংশ্লিষ্ট ডিলার/উৎপাদনকারী এবং কৃষি মন্ত্রণালয়য়ের বীজ উইংকে অবহিত করা ।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন পরিচালিত প্রকল্পসমূহের আওতায় চাষী পর্যায়ে উৎপন্ন বিভিন্ন ফসলের বীজের মান যাচাই করে ফলাফল প্রেরণ।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংরক্ষণ উইং এর অধীনে সংগনিরোধ কেন্দ্রসমূহ কর্তৃক প্রেরিত বিভিন্ন ফসলের বীজের নমুনা পরীক্ষা করে ফলাফল মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা।
- আন্তর্জাতিক বীজ পরীক্ষা সংস্থা (International Seed Testing Association) এর Referee Sample Testing কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা করা।

<u>৩। পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা</u>

- সংস্থার সার্বিক বিষয় বিবেচনা করে প্রস্তাবিত প্রকল্পসমূহের পরিকল্পনা প্রণয়নে ও পরিবীক্ষণ কার্যক্রমের ব্যবস্থা গ্রহন
- মাঠ পর্যায়ে চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ ও তদারকি প্রতিবেদন প্রণয়ন করা।
- চলমান প্রকল্পসমূহের নিয়মিত মূল্যায়ন প্রতিবেদন এবং সমাপ্ত প্রকল্পসমূহের সার্বিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা।
- বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নের কাজে মূল্যায়ন ও পরিবীক্ষণের ব্যবস্থা তদারক করা।
- বীজ প্রত্যয়ন এজেন্সীতে কর্মরত সকল কর্মচারীর হালনাগাদ ডাটাবেজ তৈরিকরণ।
-অনলাইন রিপোর্টিং এর ব্যবস্থা চালুকরণ।

**(গ) সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ উইং**

বীজ প্রত্যয়ন এজেন্সী জোড়দারকরণ প্রকল্পের সহায়তায় ১৯৯৫ ইং সালে সংস্থায় জাত পরীক্ষণ কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে ১৯৯৭ সালে ১২ একর কন্ট্রোল ফার্ম প্রতিষ্ঠিত হওয়ার পর নিয়মিত ভাবে জাত পরীক্ষণ কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। এছাড়া, ২০০৯ সনে ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং (DNA finger-printing) এর প্রাথমিক সুবিধাসহ একটি জাত পরীক্ষাগার স্থাপিত হয়। এ উইং এর মূল উদ্দেশ্য হলোঃ নোটিফাইড ফসলের নতুন জাত ছাড়করণে সমন্বয় সাধন ও ছাড়কৃত বিভিন্ন জাতের কৌলিক বিশুদ্ধতা সংরক্ষণ এবং সংশ্লিষ্ট নীতিমালা, আইন, ইত্যাদি প্রণয়ন সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা। এ উইং এর প্রধান হিসেবে অতিরিক্ত পরিচালক কর্মরত রয়েছেন। এ উইং এর কার্যক্রম সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ শাখার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে।

**১) সীড রেগুলেশন শাখা:**

- সংস্থার বিভিন্ন নীতিমালা ও আইন প্রণয়নসহ কৃষি মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক নীতিমালা ও আইন প্রণয়নে সহায়তা প্রদান করা।
- সংস্থার আইনগত বিভিন্ন সমস্যা সংশ্লিষ্ট উইংকে পরামর্শ দ্বারা সহযোগিতা প্রদান।
- সংশ্লিষ্ট বিভিন্ন নীতিমালা/ আইনকানুন যুগোপযোগীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

**২) মান নিয়ন্ত্রণ শাখা :**

- নোটিফাইড ফসলের জাত ছাড়করণ কার্যক্রমের আওতায় উদ্ভাবিত ফসলের ডি ইউ এস (DUS) (Distinctness, Uniformity and Stability) টেস্ট সম্পাদন করা। বীজ বিধিমালা, ১৯৯৮ এর ধারা ৬ অনুসারে বীজ প্রত্যয়ন এজেন্সীর দায়িত্ব হিসেবে এই টেস্টের কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।
- প্রস্তাবিত জাতের সনাক্তকারী বৈশিষ্ট্যের একটি বর্ণনা (Descriptor) তৈরি করা হয়। এই টেস্টের মাধ্যমে Breeder's Right প্রতিষ্ঠিত হয় এবং ফসলের জাত হনন (Varietal Piracy) থেকে রক্ষা পায়।
- প্রি-পোস্ট কন্ট্রোল ও গ্রো-আউট টেস্ট (Pre-Post Control & Grow-out Test): প্রজনন, ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির যে সব লট বীজ পরীক্ষায় অনুমোদিত মানের পাওয়া যায়, সে সব লটের পূর্বগৃহীত নমুনার একাংশ হতে বীজ প্রত্যয়ন এজেন্সী'র কন্ট্রোল ফার্মে ফসল উৎপাদন করে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ অফ টাইপ/ বিজাত সনাক্তকরণের মাধ্যমে জাতের কৌলিক বিশুদ্ধতা নিরূপন করেন। অত:পর ফসলের উপযুক্ত পর্যায়ে মাঠ দিবস অনুষ্ঠান করে ত্রুটিপূর্ণ নমুনা প্লটের লটসমূহ হতে মাঠ পর্যায়ে উৎপাদিত বীজ ফসলের মাঠ প্রত্যয়নকারী কর্মকর্তা এবং বীজ উৎপাদনকারী সংস্থার প্রতিনিধিগণকে সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হয় এবং জমিগুলি নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে অফটাইপ/ বিজাত রোগিং এর পরামর্শ প্রদান করা হয়। এটি বীজ ফসলের জাতের বিশুদ্ধতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- বিভিন্ন অঞ্চলে নোটিফাইড ফসলের উদ্ভাবিত নতুন ইনব্রিড ও হাইব্রিড জাতের মাঠ মূল্যায়ন কার্যক্রম সমন্বয় সাধন ও মূল্যায়ন ফলাফল সংকলন করে প্রতিবেদন, জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি সভায় ছাড়করণ ও নিবন্ধনের সুপারিশ প্রণয়নের নিমিত্তে উপস্থাপন করা।

১.৭ মন্ত্রণালয়ের দায়িত্ব (কৃষি মন্ত্রণালয়):

১.৮ অনুবিভাগের কর্মপরিধি ও কর্মরত জনবল (কৃষি মন্ত্রণালয়):

## (২) প্রশাসনিক

২.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| বীজ প্রত্যয়ন এজেন্সী | ৫৪৬ | ৩১৬ | ২৩০ | |
| **মোট** | ৫৪৬ | ৩১৬ | ২৩০ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

২.২ অন্যান্য জনবল (প্রকল্প, আউট সোর্সিং ইত্যাদি)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | প্রকল্পের পদ (প্রেষণ ব্যতিত) | আউট সোর্সিং জনবল | মোট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| বীজ প্রত্যয়ন এজেন্সী | - | ১৭ | ১৭ |
| | | | |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

২.৩ পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | | |
|---|---|---|---|---|
| ৯ম গ্রেড ও তদুর্ধ্ব | ১০ম গ্রেড | ১১শ -১৬শ গ্রেড | ১৭শ-২০তম গ্রেড | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | ০ |

২.৪ নিয়োগ প্রদান

| নতুন নিয়োগ প্রদান | | | | |
|---|---|---|---|---|
| ৯ম গ্রেড ও তদুর্ধ্ব | ১০ম গ্রেড | ১১শ -১৬শ গ্রেড | ১৭শ-২০তম গ্রেড | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

২.৫ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী | সচিব | দপ্তর/সংস্থা প্রধান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |

২.৬ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | সচিব | দপ্তর/ সংস্থা প্রধান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

## (৩) অডিট আপত্তি (২০২৩-২৪ অর্থবছরে অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণ):

| ক্র: নং | মন্ত্রণালয়/ দপ্তর/সংস্থার নাম | পূর্ববর্তী বছরের আপত্তির জের | বিবেচ্য বছরে উত্থাপিত আপত্তির সংখ্যা | মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জড়িত টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | মোট বি/এস জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিস্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | সংখ্যা | টাকা (লক্ষ টাকায়) | সংখ্যা | টাকা (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) | ৬ | ৭ | ৮ | ৯ | ১০(৫-৮) | ১১ |
| | বীজ প্রত্যয়ন এজেন্সী | ২১ | ০৯ | ৩০ | ১১৫১.২০৮৯ | ৩০ | ০৪ | ৩২৬.৮২৮৯ | ২৬ | ৮২৪.৩৮ |
| | মোট | ২১ | ০৯ | ৩০ | ১১৫১.২০৮৯ | ৩০ | ০৪ | ৩২৬.৮২৮৯ | ২৬ | ৮২৪.৩৮ |

## (৪) শৃঙ্খলা/বিভাগীয় মামলা

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২৩-২৪) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | - | - | - | - | - |

## (৫) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত)

| ক্র. নং | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | ৩০ জুন ২০২৩ পর্যন্ত চলমান মামলার সংখ্যা | সরকার কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | ৩০ জুন ২০২৪ পর্যন্ত মোট চলমান মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | - | - | - | - | - |
| | **সর্বমোট :** | | | | | |

## (৬) মানবসম্পদ উন্নয়ন

### ৬.১ প্রশিক্ষণ:

| ক্র: নং | প্রশিক্ষণ | | | | |
|---|---|---|---|---|---|
| | অভ্যন্তরীণ | বৈদেশিক | ইন-হাউজ | অন্যান্য | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | ২৩৬ | - | ১৩০ | - | ৩৬৬ |
| মোট | ২৩৬ | - | ১৩০ | - | ৩৬৬ |

### ৬.২ বৈদেশিক সেমিনার/ওয়ার্কশপ/এক্সপোজার ভিজিট:

| ক্র: নং | বিদেশ প্রশিক্ষণ | | | |
|---|---|---|---|---|
| | সেমিনার | ওয়ার্কশপ | এক্সপোজার ভিজিট | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | - | - | - | - |
| | মোট | - | - | - |

### ৬.৩ উচ্চশিক্ষা

| ক্র: নং | প্রতিবেদনাধীন বছরে উচ্চশিক্ষায় প্রেরণ | | | মোট উচ্চশিক্ষারত | | |
|---|---|---|---|---|---|---|
| | এমএস/এমএসসি/এমফিল | পিএইচডি | মোট | এমএস/এমএসসি/এমফিল | পিএইচডি | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | মোট | | | | | |

(৭) **তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মন্ত্রণালয়/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় / সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭৮ | আছে | নাই | নাই | ৬ |

**(৮) সরকারি প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ**

*(লক্ষ টাকায়)*

| আয়ের উৎস | ২০২৪-২৫ অর্থবছরে আয় (জমাকৃত) | ২০২২-২৩ অর্থবছরে আয় (জমাকৃত) |
|---|---|---|
| সরকারী কর্মচারীকে প্রদত্ত ঋণের সুদ | ০ | ০.১২ |
| ডরমিটরীর সিট ভাড়া | ০.৬৩৬৩ | ০.৪৯৫৭ |
| বীজ প্রত্যয়ন ফি, বীজ প্রত্যয়ন ট্যাগ ফি | ৬১.৩১৩১৬ | ৬৮.০৫৯৯৪ |
| পরীক্ষণ ফি (বীজ পরীক্ষা/ পুন: পরীক্ষা ফি, ফসলের জাত মূল্যায়নের নিবন্ধন ফি ও ডিইউএস পরীক্ষা ফি) | ৮.৬৪৯৮২ | ১৭.৪৫৪০১ |
| সরকারী যান বাহনের ব্যবহার (ব্যক্তিগত) | ০.১৪৮ | ০.১০২ |
| কৃষিজাত দ্রব্যাদি বিক্রি | ৫.১১১২৯ | ৫.৫৯৯৯২ |
| বিবিধ রাজস্ব ও প্রাপ্তি (বীজ ডিলার রেজিঃ ফি ও বীজ ডিলার নবায়ন ফি -ইত্যাদি | ১০.৮৩২৬৬ | ৩০.৫৬৭৫৮ |
| মোট= | ৮৬.৬৯১২৩ | ১২২.৩৯৯১৫ |

**(৯) প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি এবং আইন, বিধি, নীতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন**

৯.১ প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি ও ক্যাপশনসহ ছবি (প্রতিষ্ঠানভিত্তিক, উইংভিত্তিক/বিভাগ ভিত্তিক নয়):

১. **জাত অবমুক্তকরণ/ নিবন্ধন**

২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৯৪ টি নতুন উদ্ভাবিত সারির (ধানের ৮৮টি, গমের ২টি এবং পাটের ২টি, কেনাফ ১টি, মেস্তা ১টি) DUS test (Distinctness, Uniformity and Stability) সম্পাদন করা হয় এবং মোট ১৮টি সারির (ধানের ১৭টি, গমের ১ টি) VCU test (Value for Cultivation and Uses) সম্পাদন করা হয়। উল্লেখিত DUS, VCU test এর সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে এ পর্যন্ত ধানের মোট ৫ টি NSB (National Seed Board) কর্তৃক অবমুক্ত করা হয়।

বীজের গুণগত মানের নিশ্চয়তার জন্য প্রি-পোস্ট কন্ট্রোল গ্রো-আউট টেস্ট পরীক্ষার মাধ্যমে মোট ২২৬১ টি (আমন ধানের ৫৬৪টি, বোরো ধানের ৫৪৮টি, আউশ ধানের ২৭০টি, গমের ৩০০টি, আলুর ৩৯২টি এবং পাটের ১৭টি) বীজ লটের পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

২০২৩-২০২৪ অর্থবছরে হাইব্রিড জাতের মোট ৫৭ টি (আমন ১৬টি, বোরো ৩৯টি এবং আউশ ২টি) জাতের আঞ্চলিক ট্রায়াল বাস্তবায়ন করা হয়। সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে এ পর্যন্ত মোট ১১টি (বোরো) হাইব্রিড ধানের জাত নিবন্ধিত হয়েছে। (জাতীয় বীজ বোর্ডের ১১২ তম সভা পর্যন্ত)।

২. **বীজ** প্রত্যয়ন:

২০২৩-২০২৪ অর্থবছরে বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক মোট প্রত্যয়িত বীজের পরিমান ১৪৪১৪৪.৫১৯ মে. টন

৩. **বীজ** পরীক্ষা:

২০২৩-২০২৪ অর্থবছরে নোটিফাইড ও নন-নোটিফাইড ফসলের বিভিন্ন জাতের সর্বমোট ১১,৫৫৬ নমুনার বিশুদ্ধতা, আর্দ্রতা ও অংকুরোদগম পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

**৪. প্রত্যয়ন ট্যাগ বিতরণ:**

২০২৩-২০২৪ অর্থবছরে ধান, গম, আলু ও পাট এই ৪টি নোটিফাইড ফসলের ৫৮,৪২৯ টি প্রজনন, ৯০,০০০ টি প্রাক-ভিত্তি, ৮৩,৯৯,৬২৭ টি ভিত্তি ও ১,৬৯,৯৩,৬৫৯ প্রত্যায়িত সহ মোট ২,৫৫,৪১,৭১৫ টি ট্যাগ বিতরণ করা হয়েছে।

**৫. বীজ ফসলের মাঠ পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদনঃ**

২০২৩-২০২৪ অর্থবছরে মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ ৫৯,২৪৪ হেক্টর।

**৬. মার্কেট মনিটরিং প্রতিবেদন:**

২০২৩-২০২৪ অর্থবছরে বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক মার্কেট মনিটরিং এর মাধ্যমে মোট ২২০২ টি নমুনা সংগ্রহ এবং পরীক্ষা করা হয়েছে ।

**৭. আইসিটি ক্ষেত্রে উন্নয়ন:**

- সংস্থার সার্বিক বিষয় বিবেচনা করে প্রস্তাবিত কর্মসূচি ও প্রকল্পসমূহের পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ করা।
- ই-কৃষি সেবা ও আইসিটি কার্যক্রম সংক্রান্ত সার্বিক বিষয় তদারকি করা।
- মাঠ পর্যায়ে চলমান কর্মসূচি ও প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ ও তদারকি প্রতিবেদন প্রণয়ন করা।
- চলমান প্রকল্পসমূহের নিয়মিত মূল্যায়ন প্রতিবেদন এবং সমাপ্ত প্রকল্পসমূহের সার্বিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা।
- বিভিন্ন কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়নের কাজ মূল্যায়ন ও পরিবীক্ষণের ব্যবস্থা তদারক করা।
- বীজ প্রত্যয়ন এজেন্সীতে কর্মরত সকল কর্মচারীর হালনাগাদ ডাটাবেস তৈরীকরণ।
- অনলাইন রিপোর্টিং এর ব্যবস্থা চালুকরণ।

**৮. প্রকাশনা :**

২০২৩-২০২৪ অর্থবছরে ধান বীজ প্রত্যয়ন এজেন্সীর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

৯.২ নির্বাহী সার-সংক্ষেপ (১০০ শব্দের মধ্যে):

**(১০) আইন, বিধি, প্রবিধি, নীতি, ও কর্মপরিকল্পনা প্রণয়ন :**

| ক্রম. | প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকাশিত আইন, বিধি, প্রবিধি, নীতি ও কর্মপরিকল্পনার তালিকা | প্রকাশের তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা | ২৫ মার্চ ২০২৪ |

## (১১) উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি সংক্রান্ত

১১.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত)

(পরিকল্পনা উইং কর্তৃক)

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ (বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প) | ৪.২৪ কোটি | ৪.১৩৫ (৯৭.৫২%) | ১২টি |

**১১.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে কৃষি মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০২৪ পর্যন্ত অগ্রগতি:**

| ক্রম | প্রকল্পের নাম ও প্রকল্পের মেয়াদ কাল | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | আরএডিপি বরাদ্দ ২০২৩-২৪ (কোটি টাকায়) | অগগতি (কোটি টাকায়) | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি বছর (জুন ২০২৪ পর্যন্ত) | | প্রকল্প শুরু থেকে ক্রমপুঞ্জিত | |
| | | | | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (জুলাই ২০১৮ হতে জুন ২০২৪) | ৬৮.০৩৫ | ৪.২৪ | ৪.১৩৫ (৯৭.৫২%) | ১০০% | ৬৬.৪৩৪ (৯৭.৬৫%) | ১০০% |

**১১.৩ প্রতিবেদনাধীন অর্থ বছরের সংশোধিত এডিপিতে সমাপ্ত প্রকল্পের তালিকা**

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | বাস্তবায়নকারী সংস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (জুলাই ২০১৮ হতে জুন ২০২৪) | বীজ প্রত্যয়ন এজেন্সী | - |

১১.৪ প্রতিবেদনাধীন অর্থ বছরের নতুন অনুমোদিত প্রকল্পের তালিকা

| ক্র. | প্রকল্পের নাম ও মেয়াদ | সংস্থার নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

১১.৫ প্রতিবেদনাধীন অর্থ বছরের দপ্তর/সংস্থাওয়ারী কর্মসূচিসমূহের বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় (জুন/২৪) এর হিসাব বিবরণী:

(লক্ষ টাকায়)

| ক্র:ম: | কর্মসূচির নাম | মেয়াদকাল | কর্মসূচির মোট বরাদ্দ | ২০২৩-২৪ অর্থ বছরের কর্মসূচিসমূহের বরাদ্দ, অর্থ ছাড় ও অগ্রগতি | | | | | | জুন/২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বরাদ্দ | মোট ছাড়কৃত অর্থ | জুন/২২ পর্যন্ত ব্যয় | ছাড়কৃত অর্থের অগ্রগতি (%) | বরাদ্দকৃত অর্থের অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | সর্বমোট ব্যয় | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

১১.৬ সাব কার্যক্রমের ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় (জুন/২৪) এর হিসাব বিবরণী

( লক্ষ টাকায়)

| ক্র:ম: | সাব-কার্যক্রমের নাম | মেয়াদকাল | সাব-কার্যক্রমের মোট বরাদ্দ | ২০২৩-২৪ অর্থ বছরের সাব-কার্যক্রমসমূহের বরাদ্দ, অর্থ ছাড় ও অগ্রগতি | | | | | | জুন/২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বরাদ্দ | মোট ছাড়কৃত অর্থ | জুন/২০২৪ পর্যন্ত ব্যয় | ছাড়কৃত অর্থের অগ্রগতি (%) | বরাদ্দকৃত অর্থের অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) | সর্বমোট ব্যয় | আর্থিক অগ্রগতি (%) | ভৌত অগ্রগতি (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১. | | | | | | | | | | | | |
| | মোট: সাব কার্যক্রম: | | | | | | | | | | | |

**(১২) অবকাঠামো উন্নয়ন** (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থবছরে (২০২৩-২৪) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি)

| ক্রম | প্রকল্পের নাম ও প্রকল্পের মেয়াদ কাল (যে সকল প্রকল্পে অবকাঠামো উন্নয়ন অর্ন্তভুক্ত আছে) | আরএডিপি বরাদ্দ ২০২৩-২৪ (কোটি টাকায়) | অগ্রগতি (কোটি টাকায়) (জুন ২০২৪ পর্যন্ত) | | প্রকল্পের অবকাঠামো কার্যক্রমের লক্ষ্যমাত্রা/অগ্রগতি (২০২৩-২৪ অর্থ বছর) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক (%) | বাস্তব (%) | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (জুলাই ২০১৮ হতে জুন ২০২৪) | ৪.২৪ কোটি | ৪.১৩৫ (৯৭.৫২%) | ১০০% | ১। জেলা বীজ প্রত্যয়ন অফিস ভবন নির্মাণ নির্মাণ | ০১টি (১০%) | ০১টি (১০%) |
| | | | | | ২। প্রধান কার্যালয় ভবন নির্মাণ | ০১টি (১০%) | ০১টি (১০%) |
| | | | | | ৩। প্রধান কার্যালয়ে ৪র্থ তলা হতে ৫ম তলা সম্প্রসারণ | ০১টি (১০০%) | ০১টি (১০০%) |
| | | | | | ৪। ময়মনসিংহ জেলা অফিসের ৩য় তলায় ২০০০ বর্গফুট সম্প্রসারণ | ০১টি (১০০%) | ০১টি (১০০%) |
| | | | | | ৫। প্রধান কার্যালয়ে প্যাসেঞ্জার লিফট স্থাপন | ০১টি | ০১টি |

**(১৩) কৃষি পুনর্বাসন/প্রণোদনা কার্যক্রম (উপকরণ ২ অধিশাখা):**

| নং | বিবরণ | কর্মসূচির আওতায় মোট জেলা | কর্মসূচির আওতায় জমির পরিমাণ | কর্মসূচির মোট বরাদ্দ/ছাড়কৃত অর্থ | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন) |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| | | | | | |
| | **সর্বমোট** | | | | |

**(১৪) ২০২৩-২৪ অর্থবছরের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের উৎপাদন, আমদানি, বিক্রয় ও ব্যবহারের তথ্য**

| ক্রমিক নং | সারের নাম | উৎপাদন (লক্ষ মে: টন) | আমদানি (লক্ষ মে: টন) | মোট প্রাপ্যতা (লক্ষ মে: টন) | বিক্রয়/ব্যবহার (লক্ষ মে: টন) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ইউরিয়া | | | | |
| ২ | টিএসপি | | | | |
| ৩ | ডিএপি | | | | |
| ৪ | এমওপি | | | | |

**(১৫) এক নজরে বাংলাদেশের কৃষি তথ্যসূত্র সহ :** (ডিএই/এআইএস) (মোট আবাদযোগ্য জমি, মোট সেচকৃত জমি, হালে পতিত, ফসলের নিবিড়তা, এক ফসলি জমি, দুই ফসলি জমি, তিন ফসলি জমি, চার ফসলি জমি, নিট ফসলি জমি, মোট ফসলি জমি, জিডিপিতে কৃষি খাতের অবদান, জিডিপিতে শস্যখাতের অবদান, কৃষিতে নিয়োজিত জনশক্তি ও মোট কৃষি পরিবার/খানা)

**(১৬) ফসল উৎপাদন বিষয়ক তথ্য:**

১৬.১ **ফসল উৎপাদন** (আউশ, আমন, বোরো, মোট চাল, গম, ভুট্টা, মোট খাদ্য শস্য, আলু, ডাল ফসল, তেল জাতীয় ফসল, সবজি, পেঁয়াজ, ও পাট)

| ক্রমিক নং | ফসলের নাম | ২০২৩-২০২৪ অর্থবছরের উৎপাদন লক্ষ্যমাত্রা (লক্ষ মেট্রিক টন) | | ২০২২-২০২৩ অর্থবছরের অর্জন ( লক্ষ মেট্রিক টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

**১৬.২ ফল উৎপাদনের তথ্য:**

**(১৭) জাত ও প্রযুক্তি তথ্য**

**১৭.১ উদ্ভাবিত ও অবমুক্তকৃত জাতের তথ্য**

| প্রতিষ্ঠান | উদ্ভাবিত ও অবমুক্তকৃত জাতের সংখ্যা | জাতের নাম | বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ব্রি, গাজীপুর | ২ | ব্রি ধান১০৭ | জাতটির গড় ফলন ৮.১৯মে.টন/হে., জীবনকাল ১৪৩ দিন, চাল লম্বা ও চিকন। |
| | | ব্রি ধান১০৮ (BRH11-9-11-4-5B) | জাতটির গড় ফলন ৮.৫২মে.টন/হে., জীবনকাল ১৪৬ দিন, চাল চিকন ও মাঝারি লম্বা। |
| বিজেআরআই, ঢাকা | | বিজেআরআই মেস্তা৫(SM-2) | জাতটির আঁশের গড় ফলন ২.৩৫মে.টন/হে., জীবনকাল ১১৮ দিন |
| বিনা, ময়মনসিংহ | | বিনা তোষা পাট১ (BJM-10-1-5) | জাতটির আঁশের গড় ফলন ৪.১৭মে.টন/হে., জীবনকাল ১১৮ দিন |
| | | | |

১৭.২ নিবন্ধিত জাতের তথ্য

| প্রতিষ্ঠান | নিবন্ধিত জাতের সংখ্যা | জাতের নাম | বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| উইনঅল হাই-টেক সীড কো. | ২ | উইনঅল হাইব্রিড ধান১০(Win-902) | জাতটির গড় ফলন ১০.১৪মে.টন/হে., জীবনকাল ১৪০ দিন, চাল চিকন |
| | | উইনঅল হাইব্রিড ধান১১(Win-903) | জাতটির গড় ফলন ৯.৮১মে.টন/হে., জীবনকাল ১৪০ দিন, চাল চিকন |
| আফতাব বহুমুখী ফার্মস লি. | ২ | আফতাব হাইব্রিড ধান১(RC-01) | জাতটির গড় ফলন ১০.১৩মে.টন/হে., জীবনকাল ১৩৭ দিন, লিফ সিথ পার্পল বর্ণের। |
| | | আফতাব হাইব্রিড ধান২(RC-05) | জাতটির গড় ফলন ৯.৫৭মে.টন/হে., জীবনকাল ১৩৬ দিন, স্পাইকলেটের অগ্রভাগ পার্পল বর্ণের। |
| সুপ্রীম সীড কো. লি. | ১ | সুপ্রীম হাইব্রিড ধান১৭(Heera-17, TJ004) | জাতটির গড় ফলন ১০.৩৪মে.টন/হে., জীবনকাল ১৪২ দিন, ফ্ল্যাগলিফ খাড়া ও সবুজ, মোটা ধান। |
| এসিআই লি. | ২ | এসিআই হাইব্রিড ধান১২ (GA 1702) | জাতটির গড় ফলন ১০.২২মে.টন/হে., জীবনকাল ১৪৩ দিন, চাল চিকন |
| | | এসিআই হাইব্রিড ধান১৩(FL 1849) | জাতটির গড় ফলন ৯.৬৯মে.টন/হে., জীবনকাল ১৪১ দিন, চাল মাঝারি মোটা |
| এসিআই এগ্রোলিংক লি. | ১ | এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান১ (INDAM 300-005) | জাতটির গড় ফলন ৯.৫৬মে.টন/হে., জীবনকাল ১৩৭ দিন, চাল মাঝারি মোটা |
| এসিআই ফরমুলেশন লি. | ১ | এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৫ (ACI2019) | জাতটির গড় ফলন ৭.০২মে.টন/হে., জীবনকাল ১৩৭ দিন, চাল লম্বা ও চিকন |
| মাহিকো (প্রা.) বাংলাদেশ লি. | ১ | মাহিকো হাইব্রিড ধান৭ (MRP-5401) | জাতটির গড় ফলন ১০.২২মে.টন/হে., জীবনকাল ১৪১ দিন, চাল চিকন |
| ব্র্যাক | ১ | ব্র্যাক হাইব্রিড ধান১৯ (Shakti5) | জাতটির গড় ফলন ১০.৫০মে.টন/হে., জীবনকাল ১৪৩ দিন, ডিগপাতা চওড়া। |

১৭.৩ উদ্ভাবিত প্রযুক্তি তথ্য

| প্রতিষ্ঠান | উদ্ভাবিত প্রযুক্তির নাম | প্রযুক্তির সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |

১৮ সেচ সুবিধা সম্প্রসারণ বিষয়ক তথ্য

| ক্র. নং | কার্যক্রমের নাম | একক | অর্জন (২০২২-২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

(১৯) আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়ন:

১৯.১ আন্তর্জাতিক সহযোগিতায় উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জন:

১৯.২ সমঝোতা স্মারক স্বাক্ষর:

| ক্রমিক নং | সমঝোতা স্মারকের নাম/বিষয় | স্বাক্ষরের তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |

## (২০) সুশাসন সংক্রান্ত

২০.১ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):** ২০২৩-২৪ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের সাথে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে বীজ প্রত্যয়ন এজেন্সীর ০৩টি (তিন) কর্মসম্পাদন ক্ষেত্রে ১৩টি (তেরো) কার্যত্রমের ২২টি (বাইশ) কর্মসম্পাদন সূচকের বিপরীতে অসাধারণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিল যার অগ্রগতির হার ৯৪%।

২০.২ **শুদ্ধাচার:** দাপ্তরিক কাজের স্বীকৃতি স্বরূপ ২০২৩-২৪ অর্থবছরে ০৪ (চার) জনকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

২০.৩ **ইনোভেশন, সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবা:** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় বীজ প্রত্যয়ন এজেন্সী ডিজিটাইজেশনের মাধ্যমে সেবা সহজিকরণের লক্ষ্যে Online Disninctness, Uniformity & Stability (DUS) Test Software শীর্ষক সফটওয়্যার তৈরি করেছে যার মাধ্যমে বীজ ফসলের জাত ছাড়করণের নিমিত্ত প্রার্থীত জাতের DUS পরীক্ষার অনলাইনে আবেদন ও ফলাফল প্রদান করা যাবে। বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ইত: পূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে এবং সেবা অব্যাহত রাখা হচ্ছে। এছাড়াও আওতাধীন অফিসসহ সদর দপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হয়েছে।

২০.৪ **তথ্য অধিকার আইন:** ২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত অর্জন সম্পন্ন হয়েছে।

২০.৫ **সিটিজেন চাটার:** ২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত অর্জন সম্পন্ন হয়েছে।

২০.৬ **অভিযোগ প্রতিকারের ব্যবস্থা:** ২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত অর্জন সম্পন্ন হয়েছে।

২০.৭ **উত্তম চর্চা:**

১। সময়মত প্রাপ্ত বীজ নমুনা পরীক্ষাপূর্বক প্রত্যয়ন ট্যাগ প্রদান।

২। কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বীজ প্রযুক্তিসহ সময়োপযোগী প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন।

৩। সদর দপ্তরে নতুন প্রশাসনিক ভবনে দাপ্তরিক কার্যক্রম শুরু করা।

৪। সিটিজেন চার্টারভূক্ত সেবা সম্পর্কিত সফটওয়্যার এবং স্টাফ ডাটাবেজ প্রস্তুত।

## (২১) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা সংক্রান্ত কার্যক্রম:

## (২২) কৃষিপণ্য রপ্তানি তথ্য ও রপ্তানি বৃদ্ধির উদ্যোগ

২২.১ কৃষিপণ্য রপ্তানি তথ্য

| ক্রমিক নং | রপ্তানীকৃত পণ্য | পরিমান (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

২২.২ এগ্রিবিজনেস, এগ্রোপ্রসেসিং ও রপ্তানি বৃদ্ধির উদ্যোগ

**(২৩) বিশেষ অর্জন বা স্বীকৃতি:**

**(২৪) কৃষিতে সামাজিক নিরাপত্তা কার্যক্রম:**

**(২৫) এআইপি/বিশ্ব খাদ্য দিবস ইত্যাদি ইভেন্টের কার্যক্রম:**

**(২৬) স্মার্ট কৃষি:**

**২৬.১ স্মার্ট কৃষি সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন:** স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ডিজিটাইজেশনের মাধ্যমে সিটিজেন চার্টারভূক্ত সেবা সহজিকরণের লক্ষ্যে Online Disninctness, Uniformity & Stability (DUS) Test Software শীর্ষক সফটওয়্যার তৈরি করা হয়েছে।

**২৬.২ ক্লাইমেট স্মার্ট সম্পর্কিত কার্যক্রম:** প্রযোজ্য নয়

**২৬.৩ কৃষি যান্ত্রিকীকরণে অগ্রগতি:** প্রযোজ্য নয়

**(২৭) নারীর অবদান:** বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তর, আঞ্চলিক ও জেলা কার্যালয়ে নারী কর্মকর্তা কর্মচারী রয়েছে যারা বীজের মান নিয়ন্ত্রণে অবদান রাখছে। এছাড়া সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় নারী বীজ উৎপাদনকারীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়।

**(২৮) কৃষিখাতে টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়নে কার্যক্রম:** অভীষ্ট-২: ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসারে বীজ প্রত্যয়ন এজেন্সী ২০৩০ সাল পর্যন্ত বাস্তবায়নের নিমিত্ত ০৮টি প্রকল্প গ্রহণের কর্মপরিকল্পনা তৈরী করেছে। তন্মোধ্যে "বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক ০১টি প্রকল্প সমাপ্ত হয়েছে যার প্রকল্প ব্যয় ৬৮০৩.৫০ লক্ষ টাকা।

**(২৯) বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়নে গৃহীত কার্যক্রম:** টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নে গৃহীত পরিকল্পনাসমূহ বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করছে।

**(৩০) ভিশন ২০৪১ এর আওতায় গৃহীত কার্যক্রম:** স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ডিজিটাইজেশনের মাধ্যমে সিটিজেন চার্টারভূক্ত সেবা সহজিকরণের লক্ষ্যে Online Disninctness, Uniformity & Stability (DUS) Test Software শীর্ষক সফটওয়্যার তৈরি করা হয়েছে।

**(৩১) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রম :** প্রযোজ্য নয়

**(৩২) ভবিষ্যৎ পরিকল্পনা:**

(ক) দক্ষ জনবল বৃদ্ধিতে সাংগাঠনিক কাঠামোর পুনর্বিন্যাসের মাধ্যমে বীজ প্রত্যয়ন এজেন্সীকে বীজ প্রত্যয়ন অধিদপ্তরে রূপান্তর করা।

(খ) বীজ ফসলের মাঠ পরিদর্শন এবং বীজের বাজার পরিবীক্ষণের জন্য পর্যাপ্ত জনবল নিয়োগ এবং যানবাহন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ।

(গ) কেন্দ্রীয় বীজ পরীক্ষাগারকে আন্তর্জাতিক মানের এবং আঞ্চলিক ও জেলা পর্যায়ের বীজ পরীক্ষাগারসমূহকে জাতীয় মানের পরীক্ষাগারে উন্নীত করা।
(ঘ) আন্তর্জাতিক মানের বীজ পরীক্ষা পদ্ধতি ও বীজের গুণগতমান নিয়ন্ত্রণে মানবসম্পদ উন্নয়ন।
(ঙ) স্মার্ট প্রযুক্তি নির্ভর মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ, দ্রুততম সময়ে বীজ পরীক্ষার ফলাফল ও ট্যাগ প্রদান।
(চ) বীজ প্রত্যয়ন সেবা গ্রহণকারীদের ডাটাবেজ প্রস্তুত।

**(৩৩) প্রাকৃতিক দুর্যোগ ও মোকাবিলায় গৃহীত পদক্ষপ:** প্রযোজ্য নয়

**(৩৪) পুরস্কার/স্বীকৃতি/বিশেষ অর্জন:**

**(৩৫) উপসংহার:**

**পরিশিষ্ট:**

(ক) ২০২৩-২৪ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাদের তালিকা (নাম, আইডি, মন্তব্য (কর্মরত/বদলি/পিআরএল তারিখ)।
(খ) ২৮ ফসলের আবাদ ও উৎপাদন।
(গ) গণমাধ্যমে কৃষি (পেপার কাটিং)।

০২/৭/২০২৪
মো: ছাইফুল আলম
পরিচালক
ফোন: ৪৯২৭২২০০
director@sca.gov.bd